

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ অধিশাখা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-২৫০

তারিখ: ১১ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নুরুল হদার সভাপতিত্বে আজ নির্বাচন কমিশনের ৮৯তম সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে. জেনারেল শাহাদাত হোসেন চৌধুরী (অব.) এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ হুমায়ূন কবীর খোন্দকারসহ নির্বাচন কমিশন সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ৪র্থ ধাপের ৮৪০ টি ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন এবং ৩টি পৌরসভার সাধারণ নির্বাচনের তফসিল নির্ধারণ করা হয়। ইউনিয়ন পরিষদ এবং পৌরসভার নির্বাচন একই সময়সূচি অনুযায়ী অনুষ্ঠানের সিদ্ধান্ত হয়।

৪র্থ ধাপে ৮৪০ টি ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন এবং ০৩ (তিন) টি পৌরসভার সাধারণ নির্বাচন এর বিস্তারিত সময়সূচি নিম্নরূপ:


১	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২৫ নভেম্বর, ২০২১ বৃহস্পতিবার
২	দাখিলকৃত মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৯ নভেম্বর, ২০২১ সোমবার
৩	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৬ ডিসেম্বর, ২০২১ সোমবার
৪	ভোটগ্রহণের তারিখ	:	২৩ ডিসেম্বর, ২০২১ বৃহস্পতিবার

৩ টি পৌরসভার সবকটিতে ইভিএম পদ্ধতিতে ভোটগ্রহণ করা হবে। এছাড়া, ৮৪০ টি ইউনিয়নের মধ্যে বিভিন্ন জেলায় ৩৩টি ইউনিয়ন পরিষদে ইভিএম পদ্ধতিতে ভোটগ্রহণ করা হবে।

নির্বাচন অনুষ্ঠেয় পৌরসভাসমূহ

ক্রমিক নং	জেলা	পৌরসভার নাম	মন্তব্য
১	কক্সবাজার	টেকনাফ	
২	নরসিংদী	রায়পুরা	
৩	পাবনা	আটঘরিয়া	

এছাড়াও একই তফসিলে ৪টি উপজেলা পরিষদের একটি মহিলা ভাইসচেয়ারম্যান ও ৩টি ভাইসচেয়ারম্যান পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে।


(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ৫৫০০৭৫২০